

শুধু বোর্ডের বই নিয়ে স্কুলে যেতে শিক্ষামন্ত্রীর আহ্বান

সংবাদ রিপোর্টার

শিক্ষা বোর্ড নির্ধারিত তিনটি বই নিয়ে স্কুলে যাওয়ার জন্য শিশুদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। রোববার জাতীয় সংসদে নুরুলজাহান বেগমের জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে নোটিশের জবাবে তিনি এ কথা বলেন।

নোটিশে নুরুলজাহান বেগম বলেন, স্কুলের ব্যাগটা অত্যন্ত ভারি, আমরা কী আর বইতে পারি/এও কি একটা শান্তি নয়, কষ্ট হয়, কষ্ট হয়। আমার কষ্ট বুঝতে চাও, দোহাই পড়ার চাপ কমাও/ কষ্ট হয়। এটা নিছক কোনো গান নয়, এক নিরেট বাস্তবতা।

তিনি নোটিশে বলেন, বাংলাদেশের স্কুলপড়মা শিশুরা ঠিক কত বেশি বোঝা বয়ে অসুখ বাধিয়ে ফেলেছে তার কোনো পরিসংখ্যান নেই। তবে পারিপার্শ্বিক পরিস্থিতি দেখে বলা যায়, সবার অসচেতনতায় প্রতিদিন বাংলাদেশের শিশুরা একটু একটু করে ওরতর শারীরিক ক্ষতির দিকে এগোচ্ছে।